১৭০

ভোরের কাগজ

তারিখ ... 24 FEB 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ৬

# সকল বিশ্ববিদ্যালয় কলেজে ২ মার্চ ধর্মঘট আহ্বান

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য আগামী ২ মার্চ সারাদেশের সকল বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। বিশ্ববিদ্যালয় কলেজে ভর্তির আবেদনপত্রের বর্ধিত মূল্য প্রত্যাহার এবং শিক্ষাভবনের সামনে এরশাদ স্বৈরাচারবিরোধী শহীদদের ভেঙে ফেলা স্মৃতিস্তম্ভ পুনঃনির্মাণের দাবিতে তারা এই ধর্মঘট আহ্বান করেছে।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। লিখিত বক্তব্যে হাসান হাফিজুর রহমান সোহেল বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিশ্ববিদ্যালয় কলেজগুলোতে এ বছর সম্মান শ্রেণীতে ভর্তির আবেদনপত্রের মূল্য ১০ টাকার স্থলে ১৫০ টাকা করা হয়েছে। এই বৃদ্ধি অযৌক্তিক ও ছাত্রদের উচ্চশিক্ষা গ্রহণের ইচ্ছাকে দমিয়ে দেওয়ার শামিল।